# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।

## পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর

স্মারক নং - ডুয়েট/পিএন্ডডি/আরএফকিউ/জিআর-৭৫/২০২৪-২৫/৯২৮ তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রিঃ

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে **Supply of Reagent for Medical Center at DUET, Gazipur. Package No: GR-75 (2024-25)** এর দরপত্র বিজ্ঞপ্তি।

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর জন্য বিবিধ মালামাল সরবরাহ/কার্য সম্পাদনের নিমিত্তে আগ্রহী প্রকৃত সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রয়োজনীয় দলিলাদি সহযোগে কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন সংগ্রহ, দাখিল এবং এতদসংক্রান্ত অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

**দরপত্র প্রদানের স্থান ও সময়**

| | | |
|---|---|---|
| ক) সিডিউল সংগ্রহের সময়সীমা | ঃ | ১৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ হতে ২৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন)। |
| খ) সিডিউল প্রাপ্তি স্থান | ঃ | সিডিউল এর প্রয়োজনীয় দলিলাদি উপস্থাপন সাপেক্ষে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। |
| গ) কোটেশন দাখিলের স্থান , শেষ তারিখ ও সময় | ঃ | সিডিউলে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী পরিকল্পনা ও উন্নয়ন অফিসে জমা দেওয়া যাবে। |
| ঘ) কোটেশন খোলার স্থান, তারিখ ও সময় | ঃ | সিডিউলে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষে খোলা হবে। |
| ঙ) দলিলাদি ঃ [পিপিআর-২০০৮ বিধি-৭০(২)] | ঃ | দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ট্রেড লাইসেন্স, চলতি অর্থ বছরের আয়কর প্রত্যয়ন পত্র, ভ্যাট নিবন্ধন সনদপত্র ইত্যাদি দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র প্রদান করতে হবে। |
| বিঃ দ্রঃ নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন কোটেশন গ্রহণ করা হবে না। | | |

**শর্তাবলী:-**

ক) দরপত্রে অবশ্যই দরদাতার স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে।

খ) দরপত্র উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য হবে, কাটাকাটি এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য নয়।

গ) দরপত্রের খামের উপর **"Supply of Reagent for Medical Center at DUET, Gazipur"** স্পষ্টাক্ষরে লিখতে হবে।

ঘ) সফল দরদাতাকে কার্যাদেশ/ক্রয়াদেশ প্রাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহ/কার্যসম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ে সরবরাহ/কার্যসম্পাদন সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

ঙ) মালামাল সরবরাহ/কার্যসম্পাদন এর পর অত্র প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে তা যাচাই করা হবে। সরবরাহকৃত মালামাল/কার্যসম্পাদন **"Supply of Reagent for Medical Center at DUET, Gazipur-এর সিডিউলে উল্লিখিত স্পেসিফিকেশন"** অনুযায়ী মান সম্পন্ন না হলে তা গ্রহণ করা হবে না।

চ) সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করে আপনার প্রতিষ্ঠানের হিসাবের নামে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

ছ) দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে দাখিলের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।

জ) ক্রয়কারী কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঝ) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ) আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.duet.ac.bd** এ দেখতে পারবেন।

18/05/2025

অধ্যাপক ড. মোঃ শওকত ওসমান
পরিচালক (পঃ ও উঃ)

স্মারক নং - ডুয়েট/পিএন্ডডি/আরএফকিউ/জিআর-৭৫/২০২৪-২৫/৯২৮ তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সভাপতি, দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি;
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ সহকারে);
৫। নোটিশ বোর্ড, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর;
৬। নোটিশ বোর্ড, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৭। নোটিশ বোর্ড, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট, জয়দেবপুর, গাজীপুর;
৮। নোটিশ বোর্ড, বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট, জয়দেবপুর, গাজীপুর;
৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসক এর কার্যালয়, গাজীপুর;
১০। সংশিষ্ট নথি।

18/05/25

প্রকৌশলী ঝুংকু মনি চাকমা
সহকারী রেজিস্ট্রার, (পঃ ও উঃ)